

কিবরিয়া হত্যার প্রতিবাদে সর্বদলীয় এ্যাকশন কমিটি

শোক হোক শক্তি

প্রিয় ভাই ও বোন,

গত ২৭ জানুয়ারী ২০০৫ বাংলাদেশের স্বনামধন্য কূটনীতিবিদ, রাজনীতিবিদ, প্রাক্তন অর্থমন্ত্রী এবং মুক্তচিন্তার লেখক শাহ এএমএস কিবরিয়ার নির্মম হত্যার প্রতিবাদে আমরা আপনাদেরকে সঙ্গে নিয়ে প্রতিবাদ, সভা, মিছিল, ঘেরাও, অবস্থান ধর্মঘট করেছি। সর্বশেষ গত ১৩ ফেব্রুয়ারী আমরা প্যারাম্যাটা মাইগ্রেন্ট রিসোর্স সেন্টারের সম্মুখে প্রতিবাদী অবস্থান ধর্মঘট শেষে এক সর্বদলীয় সভায় মিলিত হয়েছি। সেই প্রতিবাদ সভায় আমরা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নিয়েছি অনতিবিলম্বে বর্ধিত আকারে আরেকটি সভা করবো যে সভায় বিশদ আলোচনা শেষে আমাদের পরবর্তী কার্যক্রম এবং পদক্ষেপ নির্ধারিত হবে। সেই প্রতিশ্রুতি রক্ষার প্রেক্ষিতে আমরা **আগামী ৬ মার্চ রোববার ঠিক বিকেল চারটায়** প্যারাম্যাটা মাইগ্রেন্ট রিসোর্স সেন্টারে একটি গুরুত্বপূর্ণ আলোচনা সভার আয়োজন করেছি। এ সভায় যোগ দিতে আসছেন প্রয়াত শাহ এএমএস কিবরিয়ার সুযোগ্য পুত্র বিশিষ্ট অর্থনীতিবিদ শিক্ষাবিদ ড. রেজা কিবরিয়া।

আমাদের বিশ্বাস - অনুষ্ঠানে আপনার উপস্থিতি অভিমত উপদেশ আমাদের আরো অনেকদূর এগিয়ে নিয়ে যাবে, করবে আরো সাহসী। আশা করি আপনি আসবেন।

বিনীত

গামা আবদুল কাদির

আহবায়ক

যোগাযোগ: ০৪০২ ০৫৫৪ ৪৪৪

ডা. নূর-উর-রহমান

সদস্য সচিব

যোগাযোগ: ০৪০২ ৮৫৬ ০৫৮